

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

জরুরি

হজ-১ শাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নম্বর ১৬.০০.০০০০.০০৩.৩৩.০৫৬.১৫.৭

তারিখ ২৯ ফাল্গুন ১৪২৪

১৩ মার্চ ২০১৮

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: ২০১৮ খ্রি. সনের হজ মৌসুমে হজযাত্রী প্রতিস্থাপন (Replacement) সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি।

২০১৮ খ্রি. সনের হজ মৌসুমের জন্য বেসরকারি ব্যবস্থাপনার অধীন হজযাত্রীদের নিবন্ধন ৬ মার্চ ২০১৮ হতে আরম্ভ হয়েছে। মৃত্যু ও গুরুতর অসুস্থতা জনিত কারণে জাতীয় হজ ও ওমরাহ নীতি ১৪৩৯ হিজরী (২০১৮ খ্রিস্টাব্দ) এর ৩.১.১৭ নম্বর অনুচ্ছেদ অনুযায়ী কোন অবস্থাতেই ৪% এর অধিক হজযাত্রী প্রতিস্থাপন (Replacement) করা যাবে না। আগামী ১০ শাওয়াল ১৪৩৯ অর্থ্যাৎ ২৫ জুন ২০১৮ তারিখের মধ্যে প্রতিস্থাপনের যাবতীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে।

উপর্যুক্ত যৌক্তিক কারণে সর্বোচ্চ ৪% এর অধিক হজযাত্রী প্রতিস্থাপনের প্রত্যাশায় যদি কোন হজ এজেন্সি হজযাত্রী নিবন্ধন করেন, সৌদি আরবে বাড়িভাড়া করে মোয়াল্লেম ফি প্রদান করেন অথবা এ বাবদ কোন অর্থ ব্যয় করলে উক্ত এজেন্সিকে আর্থিক ক্ষতির সম্মুখীন হতে হবে।

উল্লিখিত অবস্থায়, সংশ্লিষ্ট হজ এজেন্সিসমূহকে বিশেষভাবে জানানো যাচ্ছে যে, ৪% এর অধিক প্রতিস্থাপনের (Replacement) প্রত্যাশায় কোন হজযাত্রী নিবন্ধন না করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে।

১৩-৩-২০১৮

এস. এম. মনিরুজ্জামান

সহকারী সচিব

ফোন: +৮৮-০২-৯৫৮৫২০০

ফ্যাক্স: +৮৮-০২-৯৫১১১৬

ইমেইল: hajj_sec2@mora.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

- ২) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪) পরিচালক, হজ অফিস, ঢাকা।
- ৫) সভাপতি মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
- ৬) ভারপ্রাপ্ত সচিব মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭) সিস্টেম এনালিস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮) জনাব মোহাম্মদ নাজমুল হাসান, প্রোগ্রামার (চ: দা:), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯) যুগসচিব (হজ) এর ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ১০) সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), ঢাকা (সংশ্লিষ্ট সকল হজ এজেন্সিকে বিষয়টি অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ১১) ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লি., ১২, কাওরান বাজার, ঢাকা {বিজ্ঞপ্তিটি হজের ওয়েবসাইটে স্ক্রল (Scrol) আকারে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ}